

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
সলিসিটর অনুবিভাগ
www.lawjusticediv.gov.bd

নং ১০.০০.০০০০.১৩৩.১৬.০২৪.১৫-০৪,

২৩ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ-----
০৭ জানুয়ারী, ২০২০ খ্রিঃ

বিষয়ঃ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের চলমান সরকারি স্বার্থ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ মামলাসমূহের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সলিসিটর অনুবিভাগের মাধ্যমে দেশের সকল আদালতে সরকারি কৌশলীগণের নিয়োগ প্রদান করা হয়। এছাড়াও সলিসিটর অনুবিভাগ বাংলাদেশ সুপ্রীমকোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগে সরকারপক্ষে মামলা পরিচালনা করে। সুপ্রীমকোর্টের উভয় বিভাগে চলমান প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগের সরকারি স্বার্থ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ মামলাসমূহের বিচারকার্য ত্বরান্বিত করার জন্য একটি তালিকা প্রস্তুত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীমকোর্টের উভয় বিভাগে আপনার মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ মামলা/মামলাসমূহের তথ্য নিম্নের 'ছক' অনুযায়ী জরুরী ভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

'ছক'

ক্রমিক নং	আদালতের নাম	মামলার ধরণ (দেওয়ানি/ফৌজদারি/রীট)সহ মামলার নম্বর	মামলার বর্তমান অবস্থা (Stage)	মন্তব্য
১	২	৩	৪	৫

০৭/০১/২০২০
(মোশতাক আহম্মদ)
উপ-সলিসিটর(প্রশাসন)
ফোন: ৫৫১১০৩৮০ (অফিস)।

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব----- মন্ত্রণালয়/বিভাগ।

সদয় জ্ঞাতার্থেঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

২। সলিসিটর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৪। অফিস কপি।